আজ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের ৫৫তম শাহাদতবার্ষিকী



ছবি: সংগৃহীত

আজ ২৮ অক্টোবর বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহি হামিদুর রহমানের ৫৫তম শাহাদতবার্ষিকী। ১৯৭১ সালের এই দিনে মৌলভীবাজারের কমলগঞ্জের দলই সীমান্তে পাকিস্তানি বাহিনীর মেশিনগান পোস্টে গ্রেনেড হামলা চালাতে গিয়ে শহীদ হন তিনি। মাত্র ১৮ বছর বয়সে মুক্তিযুদ্ধে প্রাণ দেওয়া হামিদুর রহমান সাত বীরশ্রেষ্ঠের মধ্যে সর্বকনিষ্ঠ। তাঁর বাড়ি ঝিনাইদহের মহেশপুর উপজেলার খোরদা খালিশপুর গ্রামে।

মুক্তিযুদ্ধের শেষ পর্যায়ে দলই সীমান্ত ফাঁড়ি দখলের অভিযানে প্রথম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের 'সি' কোম্পানির হয়ে অংশ নেন হামিদুর রহমান। ২৮ অক্টোবর ভোরে লেফটেন্যান্ট কাইয়ুমের নেতৃত্বে মুক্তিযোদ্ধারা চারদিক থেকে আক্রমণ চালান। পাকিস্তানি বাহিনীর মেশিনগানের গুলিতে অগ্রযাত্রা বাধাগ্রস্ত হলে হামিদুর রহমানকে গ্রেনেড হামলার দায়িত্ব দেওয়া হয়। দুটি গ্রেনেড নিক্ষেপের পর গুলিবিদ্ধ অবস্থায় তিনি মেশিনগান পোস্টটি অকার্যকর করে দেন। তাঁর এই সাহসিকতায় মুক্তিযোদ্ধারা ফাঁড়িটি দখল করতে সক্ষম হন। পরে সেখান থেকে তাঁর মরদেহ উদ্ধার করা হয়।

প্রথমে ভারতের ত্রিপুরা রাজ্যের হাতিমেরছড়া গ্রামের একটি পারিবারিক কবরস্থানে তাঁকে দাফন করা হয়েছিল। ২০০৭ সালের ১০ ডিসেম্বর তাঁর দেহাবশেষ দেশে ফিরিয়ে আনা হয়। পরদিন ১১ ডিসেম্বর রাষ্ট্রীয় মর্যাদায় ঢাকার বুদ্ধিজীবী কবরস্থানে তাঁকে সমাহিত করা হয়।

শাহাদতবার্ষিকী উপলক্ষে আজ দলই সীমান্তের স্মৃতিস্তম্ভে উপজেলা প্রশাসন, মুক্তিযোদ্ধা কমান্ড, বিজিবি ও প্রেসক্লাবসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হবে। এ ছাড়া তাঁর আত্মার মাগফিরাত কামনায় বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়েছে।